দৈনিক জনকণ্ঠ

তারিখ ২০ AUG 2017 পৃষ্ঠা ৬ কলাম ১-৩

# ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও শিক্ষার্থীদের ৩ দফা মেনে নেয়ার আহ্বান

**স্টাফ রিপোর্টার ॥** প্রধানমন্ত্রীর নির্দেশের পরও ন্যাশনাল বিল্ডিং কোডে (বিএনবিসি) সংযুক্ত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের অবমূল্যায়নকর বিতর্কিত উপ-ধারাসমূহ সংশোধন করা হচ্ছেনা। এমন অভিযোগ করে রাজপথে লাগাতার আন্দোলনে নেমেছেন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও ডিপ্লোমাধারী শিক্ষার্থীরা। বিতর্কিত উপ-ধারা সংশোধনসহ তিন দফা দাবিতে শনিবার রাজধানীতে আয়োজিত এক সমাবেশ থেকে পূর্তমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও শিক্ষার্থীরা বলেছেন, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও শিক্ষার্থীদের রাজপথে ঠেলে দেবেন না।

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গণে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি ও বাংলাদেশ কারিগরি ছাত্র পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এ সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির সভাপতি হাফিজ আহমেদ সিদ্দিকী। বক্তব্য রাখেন সংগঠনটির কেন্দ্রীয় আহ্বায়ক ফজলুর রহমান খান, বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদের সভাপতি এ কে এম আব্দুল মোতালেব, সওজ ডিপ্রকৌসের সভাপতি আব্দুন নুমান, সমন্বয় পরিষদের কেন্দ্রীয় সদস্য সচিব ও শিক্ষা প্রকৌশল অধিদফতর ডিপ্রকৌসের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, আইডিইবি ঢাকা জেলা শাখার সাধারণ সম্পাদক ও সমন্বয় পরিষদের যুগ্ম আহ্বায়ক আব্দুল মান্নান, বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এ এম জহিরুল ইসলাম, আইডিইবির ছাত্র বিষয়ক সম্পাদক কামরুজ্জামান নয়ন, বাপশিস ঢাকা শাখার সাধারণ সম্পাদক জি এম আকতার হোসেন, ছাত্রনেতা মেহেদী হাসান ও সাইফুল ইসলাম মোল্লা প্রমুখ।

## প্রধানমন্ত্রীর নির্দেশের পরও বিতর্কিত উপধারাসমূহ সংশোধন না হওয়ায় অসন্তোষ ॥ বিক্ষোভ সমাবেশ

তারা বলেন, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের পেশাগত দাবি বাস্তবায়নে প্রধানমন্ত্রীর সুনির্দিষ্ট নির্দেশনা থাকার পরও কোন অপশক্তির ইশারায় তা বাস্তবায়িত হচ্ছে না, জাতি তা জানতে চায়। সরকারের ভেতরে ঘাপটি মেরে থাকা কারিগরি আমলাচক্র ও তাদের দোসররা জননন্দিত সরকারকে জনগণের কাছে হেয়প্রতিপন্ন করার হীনকৌশলে মেতে উঠেছে। সে কারণে প্রধানমন্ত্রীর একাধিক ঘোষণা ও নির্দেশনার পরও বিগত পাঁচ বছরেও ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা-২০০৮ সংশোধিত আকারে গেজেট প্রকাশ হয়নি। বরং বিএনবিসিতে বিতর্কিত ধারার সংযোজন করে দেশের প্রকৌশল অঙ্গনকে উত্তপ্ত করার কৌশল নিয়েছে। নেতৃবৃন্দ বলেন, অতীতে কোন ষড়যন্ত্রই ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের অগ্রগতি থামাতে পারেনি, এবারও কঠোর আন্দোলনের মাধ্যমে ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় ডিপ্লোমা ইঞ্জিনিয়ারগণ সক্ষম হবে।

### অবসর বোর্ড ও কল্যাণ ট্রাস্ট একীভূত করার দাবি

আর্থিক ব্যয় সাশ্রয়, দীর্ঘসূত্রতা পরিহারসহ নানা জটিলতা নিরসনের জন্য বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্ট একীভূত প্রতিষ্ঠান করার দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। এক্ষেত্রে শিক্ষক কর্মচারীদের প্রাপ্য আর্থিক সুবিধা বহাল রেখেই সংস্থা দুটিকে একীভূতকরণের জন্য সরকারের প্রতি আহ্বান সমিতির নেতৃবৃন্দ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...........................
তারিখ...........................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর